

রাজশ্বের প্রবৃদ্ধি
টেকসই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এন্ড্রাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী
বাড়ি # ১৯৬, সেক্টর # ২, হাউজিং এস্টেট
উপশহর, রাজশাহী

অনলাইনে রেজিস্ট্রেশনের
জন্য ভিজিট করুন
www.vat.gov.bd

www.cevrajshahi.gov.bd

নথি নং- ৫/রাজ. কমি./কাস্টমস/১৯/বন্ড রেজি./এশিয়ান টোব্যাকো/সি. ইপি./২০২১/১৩১২ তারিখ: ১৬/০৫/২০২৬ খ্রি।

বিষয়: আমদানিকৃত কাঁচামাল ব্যাংক গ্যারান্টি প্রদান সাপেক্ষে খালাসের অনুমতি প্রদান।

সূত্র: এশিয়া টোব্যাকো (প্রা.) লি. এর গত ০৫/০৫/২০২৬ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক তাদের আমদানিকৃত কাঁচামাল বন্ড সুবিধায় খালাসের নিমিত্ত প্রাপ্যতা বৃদ্ধি ও প্রত্যয়নপত্র জারীর জন্য এ দপ্তর বরাবর আবেদন করেন। এর প্রেক্ষিতে প্রতিষ্ঠানের আবেদন, আবেদনের সাথে দাখিলকৃত দলিলাদি অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী (পোশাক শিল্প ব্যতীত) শিল্প প্রতিষ্ঠানের বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ বিধিমালা, ২০২৪ মোতাবেক যাচাই করা হয়। উক্ত বিধিমালা অনুযায়ী আনুপাতিক হারে বর্ধিত প্রাপ্যতা প্রদানের নিমিত্ত হিসাবায়নের পর একই বিধিমালার বিধি-৫ এর উপবিধি-৪ মোতাবেক প্রতিষ্ঠানটির আবেদনের মাধ্যমে চাহিত মোট ৪ টি কাঁচামালের মধ্যে ০৩ (তিন) টি কাঁচামালের [Bopp film, Bopp film(Over wrapping paper), Alumium Foil Paper] ক্ষেত্রে প্রতিষ্ঠানের ওয়্যারহাউসে সংশ্লিষ্ট কাঁচামালসমূহ মজুত থাকায় অবশিষ্ট মেয়াদের জন্য বর্ধিত প্রাপ্যতা প্রদানের সুযোগ নেই। অপর কাঁচামালটির (Tipping Paper) ক্ষেত্রে সম্ভব বর্ধিত প্রাপ্যতার পরিমাণ দাঁড়ায় ০.২২১ মে. টন। কিন্তু বন্দরে খালাসের জন্য অপেক্ষমান কাঁচামালের পরিমাণ ১.৪৭৪ মে. টন হওয়ায় খালাসীকরণের জটিলতা এড়ানোর স্বার্থে প্রতিষ্ঠানের আবেদিত কাঁচামালসমূহ একই বিধিমালার বিধি-১২ মোতাবেক নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টির (আমদানি প্রাপ্যতার অতিরিক্ত কাঁচামালের প্রযোজ্য গুন্ড-করাদির সমপরিমাণ অর্থের) বিপরীতে নিম্নের ছকে বর্ণিত পণ্যচালান কাস্টমস হাউস, চট্টগ্রাম থেকে খালাসের অনুমতি প্রদান করা হলো:

আইপি নম্বর ও তারিখ	ইনভয়েস নং ও তারিখ	এলসি নং ও তারিখ	বিএল নং ও তারিখ	পণ্যের বর্ণনা	পরিমাণ (কেজি)	মূল্য (মা. ডলার)
ID 1203260021, (Extended), Date: 12.03.2026	Invoice No: INV- IL20251020 Date: 10/01/2026	LC No. 044525210002 Date. 28-10- 2025	B/L NO: SHJL2511005 A. Date: 09.02.2026	Bopp film 117mm x 20mic x 2800m 7-9% shrinkage, inner core; 76mm, H.S. code: 3920.63.10	1287.36	3347.14
				Bopp film 347mm x 25mic x 2800m 3-5% shimkage, inner core, 76mm, H.S. code: 3920.63.90	1591.2	3341.52
				Aluminium foil paper (silver) 82mm x 50g x 2500m, H.S. code: 7607.19.10	2029.5	5966.73
				Aluminium foil paper (golden), 82mm x 50g x2 500m, H.S. code: 7607.19.10	676.5	2164.8
				Cork Tipping paper 52mm x 35g x 2500m. inner core, 76mm H.S. code: 4813.90.00	1474.2	4407.85
TOTAL					7058.76	19228.04

০৩। ব্যাংক গ্যারান্টির বিপরীতে খালাসকৃত কাঁচামাল দ্বারা উৎপাদিত সমুদয় পণ্য রপ্তানির পরে, রপ্তানির স্বপক্ষে ব্যাংকের যথাযথ পিআরসি (Proceeds Realization Certificate) বা প্রত্যয়নপত্র, লিয়েন ব্যাংকের প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় দলিলাদি দাখিল সাপেক্ষে একই বিধিমালার বিধি-১২(২) মোতাবেক ব্যাংক গ্যারান্টি অবমুক্ত করা হবে।

প্রাপক: কমিশনার অব কাস্টমস
কাস্টমস হাউস, চট্টগ্রাম।


15.05.26

(মো: রাশেদুল হক)
সহকারী কমিশনার
কমিশনারের পক্ষে
ফোন # ০২৫৮৮৮০১০৭ ই-মেইল:
cevc.raj@nbr.gov.bd

নথি নং- ৫/রাজ. কমি./কাস্টমস/১৯/বন্ড রেজি./এশিয়ান টোব্যাকো/ঈ. ইপি./২০২১

তারিখ : /০৫/২০২৬ খ্রি.।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সহকারী কমিশনার, কাস্টমস অফিস, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা।
- ০২। সহকারী প্রোগ্রামার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী [তাকে পত্রটি এ দপ্তরের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো]।
- ০৩। Manager, Uttara Bank PLC, Shaheb Bazar Branch, Rajshahi.
- ০৪। সংশ্লিষ্ট সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস অফিস, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা [তাকে পণ্যচালানসমূহ প্রতিষ্ঠানের বন্ড গুদামে প্রবেশের বিষয়টি নিশ্চিত করে বন্ড রেজিস্ট্রারে এন্ট্রি করার জন্য অনুরোধ করা হলো]।
- ০৫। ব্যবস্থাপনা পরিচালক, এশিয়ান টোব্যাকো (প্রা.) লিমিটেড, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা।
- ০৬। পিএটু কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মো: রাশেদুল হক)
সহকারী কমিশনার (চলতি দায়িত্ব)